

## সমবায় (Inherence)

ন্যায়-বৈশেষিক মতে, সমবায় সপ্ত পদার্থের অন্যতম। অন্তঃভট্ট তর্কসংগ্রহে সমবায়ের লক্ষণ দিয়েছেন : “নিত্যসম্বন্ধঃ সমবায়ঃ”। অর্থাৎ ‘নিত্য সম্বন্ধই সমবায়’। সমবায়কে ‘নিত্যসম্বন্ধ’ বলায় সংযোগে অতিব্যাপ্তি হয় না, কেননা সংযোগ অনিত্য সম্বন্ধ। সমবায়কে ‘সম্বন্ধ’ বলায় আকাশাদি নিত্যদ্রব্যে অতিব্যাপ্তি হয় না, কেননা আকাশাদি নিত্য হলেও সম্বন্ধ নয়।

অন্তঃভট্ট দুটি অযুতসিদ্ধ পদার্থের সম্বন্ধকে সমবায় বলেছেন। যে দুটি পদার্থ পরস্পর যুত হয়ে (অসম্বন্ধ হয়ে) সিদ্ধ হয়, পরস্পরের সম্বন্ধ নিরপেক্ষ হয়ে থাকতে পারে, সে দুটি পদার্থকে যুতসিদ্ধ বলা হয়। দুটি যুতসিদ্ধ পদার্থের সম্বন্ধকে সংযোগ বলা হয়। যুতসিদ্ধ ভিন্ন পদার্থকেই অযুতসিদ্ধ বলা হয়েছে। অন্তঃভট্ট বলেছেন—‘যে দুটি পদার্থের একটি, তার বিনাশ পর্যন্ত, অন্যটিতে আশ্রিত হয়েই থাকে, সে দুটি পদার্থ অযুতসিদ্ধ’ (“যয়োঃ দ্বয়োঃ মধ্যে একম্ অবিনশ্যৎ অপরাশ্রিতম্ এব অবতিষ্ঠতে তাবৎ অযুতসিদ্ধৌ”)।



যেমন, অবয়ব-অবয়বী, গুণ-গুণী (দ্রব্য), ক্রিয়া-ক্রিয়াবান (দ্রব্য), জাতি-ব্যক্তি, বিশেষ-নিত্যদ্রব্য এই পাঁচটি যুগ্ম পদার্থ অযুতসিদ্ধ। এদের সম্বন্ধ সমবায়।

(১) বস্ত্র (অবয়বী) তন্তুতে (অবয়ব) সমবায় সম্বন্ধে থাকে। তন্তু বস্ত্র ছাড়া থাকতে পারে, কিন্তু বস্ত্র তন্তু ছাড়া থাকতে পারে না। এই দুটি পদার্থের মধ্যে অন্তত একটি (বস্ত্র) যতক্ষণ থাকে ততক্ষণ তা তন্তুতেই থাকে। তাই তারা অযুতসিদ্ধ।

(২) ঘটের রূপ (colour) গুণ এবং তা ঘটে (দ্রব্য) সমবায় সম্বন্ধে থাকে। ঘট ও তার রূপ—এ দুটির অন্তত একটি (ঘটের রূপ) যতক্ষণ থাকে ততক্ষণ ঘটেই থাকে। কিন্তু ঘট অন্তত একটি ক্ষণ (উৎপত্তি ক্ষণ) রূপ ছাড়া থাকতে পারে। তাই তারা অযুতসিদ্ধ।

(৩) ক্রিয়া দ্রব্যে সমবায় সম্বন্ধে থাকে। গাছের পাতা (দ্রব্য) ও তার ক্রিয়া—এ দুটির মধ্যে অন্তত একটি (ক্রিয়া) যতক্ষণ থাকে ততক্ষণ গাছের পাতাতেই থাকে। উৎপত্তি কালীন দ্রব্যে ক্রিয়া থাকে না বলে দ্রব্য ক্রিয়াহীন থাকতে পারে। এ দুটির মধ্যে অন্তত একটি অপরটি থেকে অবিচ্ছেদ্য বলে তারা অযুতসিদ্ধ।

(৪) জাতি দ্রব্য, গুণ ও ক্রিয়াতে সমবায় সম্বন্ধে থাকে। জাতি (গোত্ব) ব্যক্তি গো-তে সমবায় সম্বন্ধে থাকে। গোত্ব ও গো (গরু)—এ দুটির মধ্যে গো (গরু) যতক্ষণ থাকে ততক্ষণ তাতে গোত্ব জাতি থাকবেই। কিন্তু গোব্যক্তি না থাকলেও গোত্ব জাতি থাকতে পারে। এ দুটির মধ্যে অন্তত একটি অপরটি থেকে অবিচ্ছেদ্য বলে তারা অযুতসিদ্ধ।

(৫) পরমাণু, আকাশ, দিক্, কাল, আত্মা, মন প্রভৃতি নিত্যদ্রব্যে বিশেষ থাকে সমবায় সম্বন্ধে। এক্ষেত্রে সম্বন্ধী দুটিই নিত্য বলে এরা পরস্পর অবিচ্ছেদ্য। তাই তারা অযুতসিদ্ধ।